

৪০। কল্যাণ তহবিল গঠন—কাউন্সিল নির্ধারিত পদ্ধতিতে, উহার কর্মচারী ও নির্বাচিত ভেটেরিনারি প্র্যাকটিশনার, নির্বাচিত প্যারাভেট এবং তাহাদের পরিবারের কল্যাণের জন্য কল্যাণ তহবিল গঠন এবং যৌথ বিমা পলিসি গ্রহণ করিতে পারিবে।

৪১। ফি আদায়, ইত্যাদি—(১) কাউন্সিল নির্ধারিত পদ্ধতিতে পরীক্ষা গ্রহণ, সনদ প্রদান, সনদ নথায়ন বা অন্য কোনো সেবার জন্য বিধি দ্বারা নির্ধারিত ফি আদায় করিতে পারিবে।

(২) উপ-ধারা (১) এর অধীন নির্ধারিত ফিসমূহ কাউন্সিল, সময় সময়, সরকারি গেজেট প্রজ্ঞাপনের মাধ্যমে পুনঃনির্ধারণ করিতে পারিবে:

তবে শর্ত থাকে যে, বিধি প্রদীপ্ত না হওয়া পর্যন্ত কাউন্সিল সরকারের পূর্বানুমোদনক্রমে আদেশ দ্বারা উপ-ধারা (১) এ নির্ধারিত ফি আদায় করিতে পারিবে।

৪২। অপরাধ বিচারার্থ গ্রহণ—এই আইনের অধীন কোনো অপরাধ সংঘটিত হইলে কাউন্সিল কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কর্মচারী বা ব্যক্তির লিখিত অভিযোগ দায়ের ব্যতীত কোনো আদালত উক্ত অভিযোগ আমলে গ্রহণ করিবে না।

৪৩। অপরাধের আমলযোগ্যতা ও জামিনযোগ্যতা—এই আইনের অধীন অপরাধসমূহ তা-আমলযোগ্য (Non-Cognizable) ও জামিনযোগ্য (Bailable) হইবে।

৪৪। মোবাইল কোর্ট আইন, ২০০৯ এর প্রয়োগ—আপাতত বলবৎ অন্য কোনো আইনে যাহা কিছুই থাকুক না কেন, এই আইনের অধীন সংঘটিত অপরাধের ক্ষেত্রে, মোবাইল কোর্ট আইন, ২০০৯ (২০০৯ সনের ৫৯ নং আইন) এর তপশিলভুক্ত হওয়া সাপেক্ষে, মোবাইল কোর্ট দণ্ড আরোপ করিতে পারিবে।

৪৫। বাজেট।—(১) কাউন্সিল, সরকার কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে প্রতি অর্থ বৎসরের সম্ভাব্য আয় ও ব্যয় এবং উক্ত অর্থ বৎসরে সরকারের নিকট হইতে কি পরিমাণ অর্থের প্রয়োজন হইবে উহা উল্লেখ করিয়া একটি বাজেট সরকারের অনুমোদনের জন্য পেশ করিবে।

(২) উক্তরূপ বাজেট প্রণয়নের ক্ষেত্রে সরকার কর্তৃক নির্ধারিত ছক ও পদ্ধতি অনুসরণ করিতে হইবে।

৪৬। হিসাব রক্ষণ ও নিরীক্ষা।—(১) কাউন্সিল, সরকার কর্তৃক নির্ধারিত পদ্ধতিতে, যথাযথ ভাবে উহার হিসাব সংরক্ষণ করিবে এবং হিসাবের বার্ষিক বিবরণী প্রস্তুত করিবে।

(২) বাংলাদেশের মহা হিসাব-নিরীক্ষক ও নিয়ন্ত্রক, অতঃপর মহা হিসাব-নিরীক্ষক নামে অভিহিত, প্রতি বৎসর কাউন্সিলের হিসাব নিরীক্ষা করিবেন এবং নিরীক্ষা রিপোর্টের একটি করিয়া অনুলিপি সরকার ও কাউন্সিল এর নিকট পেশ করিবেন।

(৩) উপ-ধারা (২) এ উল্লিখিত নিরীক্ষা রিপোর্টে কোনো আপত্তি উত্থাপিত হইলে উহা নিষ্পত্তির জন্য কাউন্সিল অবিলম্বে ব্যবস্থা গ্রহণ করিবে।

(৪) উপ-ধারা (২) মোতাবেক হিসাব নিরীক্ষার উদ্দেশ্যে, মহা হিসাব-নিরীক্ষক বা তাহার নিকট হইতে এতদুদ্দেশ্যে ক্ষমতাপ্রাপ্ত কোনো ব্যক্তি কাউন্সিলের সকল রেকর্ড, দলিল-দস্তাবেজ, নগদ বা ব্যাংকে গঠিত অর্থ, জামানত, ভাস্তুর এবং অন্যবিধি সম্পত্তি পরীক্ষা করিয়া দেখিতে পারিবেন এবং কাউন্সিল কার্য নির্বাচী কমিটির সভাপতি, সহ-সভাপতি বা কোনো সদস্য বা যে কোনো কর্মচারী বা সংশ্লিষ্ট অন্য কোনো ব্যক্তিকে জিজ্ঞাসাবাদ করিতে পারিবেন।